Janata Bank Limited

জনতা ব্যাংক লিমিটেড

প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট

প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট

প্রধান কার্যালয় ঃ ৪৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা (৫ম তলা), ঢাকা-১০০০, বাংলাদেশ

ফোন ঃ ৯৫৬৭৪০২, ৯৫৫৩৩৩৫, ৯৫৫৮২৪০, পিএবিএক্স ঃ ৯৫৬৫০০৩, ৯৫৬৬০৯৪, ৯৫৬৬০৮৯, ৯৫৬০২১৯, ৯৫৬৪৩৫৫

সুত্র ঃ- পিডি/শীতকালীন পোষাক/মাহফুজ/১৭ তারিখ ঃ ২২.০১.২০১৭

সকল মহাব্যবস্হাপক/উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক/শাখা ব্যবস্থাপক
প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/এরিয়া অফিস
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা
সকল কর্পোরেট শাখা/অন্যান্য সকল শাখা
জনতা ব্যাংক লিমিটেড
বাংলাদেশ।

বিষয় ঃ ২০১৬-২০১৭ মৌসুমে শীতকালীন পোষাক পাওয়ার যোগ্যতা অর্জনকারী স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীদের পোষাকের মূল্য পুনঃভরন পদ্ধতিতে পরিশোধ প্রসংগে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী ২০১৬-২০১৭ইং মৌসুমে অত্র ব্যাংকের স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীদের শীতকালীন পোষাকের মূল্য নিম্নের বর্ণনা ও শর্ত অনুযায়ী পুনঃভরন পদ্ধতিতে প্রদান করা যাবে ঃ

(ক) স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারী (পুরুষ)

ক্রমিক নং-	কাপড়ের বর্ননা	প্রতিজন কর্মচারীর জন্য কাপড়ের পরিমান	মোট মূল্য (সেলাই ও মজুরী সহ)
১।	একরিলিক/সিনথেটিক	২.৫২ মিটার	৩,৯০০/- টাকা
২।	সেলাই মজুরী	১ সেট কমপ্লিট স্যুট তৈয়ারীর জন্য	

প্রতিজন স্থায়ী নন-ক্লারিক্যাল পুরুষ কর্মচারী শীতকালীন পোষাক বাবদ প্রাপ্য =৩,৯০০/- (তিন হাজার নয়শত) টাকা।

(খ) স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারী (মহিলা)

ক্রমিক নং-	পোষাকের বর্ননা	প্রতিজন কর্মচারীর জন্য কাপড়ের পরিমান	মোট মূল্য (সেলাই ও মজুরী সহ)
১।	শাড়ী (সুতী)	১(এক) টি	৪,৮০০/-টাকা
২।	পেটিকোট (সুতী রেডিমেড)	১(এক) টি	
৩।	ব্লাউজ (সূতী রেডিমেড)	১(এক) টি	
৪।	কার্ডিগান তৈরীর কাপড় (একরিলিক/সিনথেটিক)	২ মিটার	
৫।	কার্ডিগান সেলাই মজুরী	১ সেট	

প্রতিজন স্থায়ী নন-ক্লারিক্যাল মহিলা কর্মচারী শীতকালীন পোষাক বাবদ প্রাপ্য =৪,৮০০/- (চার হাজার আটশত)টাকা।

নিয়মাবলী/শর্তাবলী ঃ-

১। প্রত্যেক স্থায়ী পুরুষ নন-ক্লারিক্যাল কর্মচারীর ২.৫২ মিটার একরিলিক/সিনথেটিক নেভী-ব্লু কাপড়/ খাকী কাপড় সুপ্রতিষ্ঠিত কোন দোকান/সরবরাহকারীর নিকট হতে ক্রয় করে প্রতিষ্ঠিত কোন দর্জির দ্বারা পোষাক সেলাইয়ের পর বর্ণিত হারে কাপড় ক্রয় ও সেলাই মজুরী বাবদ ১/২টি রশিদ স্ব-স্ব নিয়ন্ত্রক অফিসে/শাখায় দাখিল করা সাপেক্ষে পুনঃভরন পদ্ধতিতে মূল্য গ্রহণ করতে পারবেন ।

২য় পৃঃ দ্রঃ

E:/Ujjal/Uniform/15

Janata Bank Limited

জনতা ব্যাংক লিমিটেড

প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট
প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট
প্রধান কার্যালয় ঃ ৪৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা (৫ম তলা), ঢাকা-১০০০, বাংলাদেশ
ফোন ঃ ৯৫৬৭৪০২, ৯৫৫৩৩৩৫, ৯৫৫৮২৪০, পিএবিএক্স ঃ ৯৫৬৫০০৩, ৯৫৬৬০৯৪, ৯৫৬৬০৮৯, ৯৫৬০২১৯, ৯৫৬৪৩৭৫

সূত্র ঃ- পিডি/ডিজিএম/শীতকালীন পোষাক/১৭ তারিখঃ ২২.০১.২০১৭

বিষয় ঃ ২০১৬-২০১৭ মৌসুমে শীতকালীন পোষাক পাওয়ার যোগ্যতা অর্জনকারী স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীদের পোষাকের মূল্য পুনঃভরন পদ্ধতিতে পরিশোধ প্রসংগে।

২। প্রত্যেক মহিলা স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারী ১টি করে শাড়ী, পেটিকোট, ব্লাউজ এবং ২(দুই) মিটার একরিলিক/সিনথেটিক নেভী-ব্লু কাপড় সু-প্রতিষ্ঠিত কোন দোকান/সরবরাহকারীর নিকট হতে ক্রয় করে প্রতিষ্ঠিত কোন দর্জির দ্বারা কার্ডিগান সেলাইয়ের পর বর্ণিত হারে কাপড় ক্রয় ও সেলাইয়ের মজুরী বাবদ পৃথক ২(দুই)টি/৩(তিন)টি রশিদ স্ব-স্ব নিয়ন্ত্রক অফিসে/শাখায় দাখিল করা সাপেক্ষে পুনঃভরন পদ্ধতিতে মূল্য গ্রহণ করতে পারবেন।

৩। ব্যাংকের প্রচলিত নিয়ম অনুযায়ী প্রত্যেক স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীকে প্রতি ২(দুই) বৎসরের জন্য (১ বৎসর পর পর) শীতকালীন পোষাক সরবরাহ করা হয়। সুতরাং গত ২০১৫-২০১৬ মৌসুমে যে সকল কর্মচারী শীতকালীন পোষাক পেয়েছেন তারা ২০১৭ সালে (২০১৬-২০১৭ মৌসুমে) উক্ত পোষাক পাবেন না।

৪। নির্দেশ বিজ্ঞপ্তি নং- ২০১৭ তারিখ ১০-০১-১৯৯৭ ইং এর নির্দেশনা অনুযায়ী নিয়মিত নিয়োগের পর যাদের চাকুরীর মেয়াদ ন্যূনতম ৬(ছয়) মাস অতিক্রান্ত হয়েছে এবং যাদের চাকুরীর রেকর্ডস সন্তোষজনক তারা এ সুবিধা পাবেন।

৫। পি.আর.এল. ভোগরত কর্মচারীগন শীতকালীন পোষাক (ইউনিফরম) পাওয়ার যোগ্য হবে না।

৬। প্রত্যেক কর্মচারী কর্তৃক পোষাকের কাপড় ক্রয় ও পোষাক সেলাই কার্য সম্পন্ন করায় সরকারী বিধিমালা অনুযায়ী কাপড়ের মুল্য ও সেলাই মজুরী প্রদানকালে ৫% হারে (অর্থাৎ পুরুষ কর্মচারীদের নিকট হতে সর্বমোট ১৯৫/- টাকা ও মহিলা কর্মচারীদের নিকট হতে ২৪০/-টাকা) ভ্যাট কর্তন পুর্বক কর্তনকৃত ভ্যাট একীভুত আকারে প্রধান কার্যালয়ের উপর সিআইবিটিসিএ ইস্যুর মাধ্যমে আগামী ১(এক) মাসের মধ্যে একাউন্টস ডিপার্টমেন্ট, প্রধান কার্যালয়ের বরাবরে পত্রের মাধ্যমে প্রেরন করতে হবে।

৭। প্রধান কার্যালয়ে কর্মরত সকল স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীদের পোষাক সেলাইয়ের বিল/ভাউচার এর পিছনে সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট/সচিবালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক (পি.এ. নম্বর/সীলসহ) কাপড় ক্রয় ও সেলাইয়ের বিষয়ে নিশ্চিত হয়ে কর্মচারীর সহি সত্যায়িত করে প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট (পিডি)তে পরিশোধের জন্য প্রেরন করতে হবে।

৮। কর্মচারীগন যাহাতে যথাযথ ইউনিফরম পরিধান করে প্রতিদিন অফিসে দায়িত্ব পালন করেন সে ব্যাপারে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহন করবার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বিশেষভাবে পরামর্শ দেওয়া যাচ্ছে। উক্ত পোষাক পাওয়ার যোগ্যতা অর্জনকারী সকল কর্মচারীদের নামের তালিকা (পদবীসহ) স্ব-স্ব এরিয়া অফিস/কর্পোরেট শাখার মাধ্যমে আগামী ১(এক) মাসের মধ্যে অত্র ডিপার্টমেন্টে প্রেরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

উক্ত সিদ্ধান্ত অনতিবিলম্বে কার্যকর হবে।

ধন্যবাদান্তে।

আপনার বিশ্বস্ত,

22/01/17

(মোঃ আবু সাঈদ)
সহকারী মহাব্যবস্থাপক

22/01/17

(মোঃ মহসীন আলী সরকার)
উপ-মহাব্যবস্থাপক

E:/Ujjal/Uniform/15

প্রধান কার্যালয় ঃ জনতা ভবন ১১০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, পোষ্ট বক্স ঃ ৪৬৮, ঢাকা-১০০০, বাংলাদেশ, ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৬৪৬৪৪ SWIFT: JANBBDDH, E-mail : dgmit@janatabank-bd.com
Website : www.janatabank-bd.com, পিএবিএক্স ঃ ৯৫৬০০০০, ৯৫৬৬০২০, ৯৫৬০০৩৯, ৯৫৫৬২৪৫-৪৯, ৯৫৬০০২৭-৩০, ৯৫৬০০৪২-৪৫, ৯৫৬৫০৪১-৪৩, ৯৫৬৬০২